সাবেক সাংসদ রোকেয়া আনসারীর জানাযা সম্পন্ন

বনানী কবরস্থানে শ্রদ্ধা আর ভালোবাসায় চিরনিদ্রায় শায়িত হলেন সাবেক সংসদ সদস্য, বাংলাদেশ জামায়াতে ইসলামীর মহিলা বিভাগের সাবেক কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল বেগম রোকেয়া আনসারী। শুক্রবার জাতীয় মসজিদ বায়তুল মোকাররম প্রাঙ্গনে বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা আবদুল হালিমের ইমামতিতে জানাজা শেষে মরহুমাকে বনানী কবরস্থানে দাফন করা হয়।

মরহুমার জানাজায় উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল এডভোকেট মোয়াযযম হোসাইন হেলাল, বায়তুল মোকাররম মসজিদের খতিব মুফতি আব্দুল মালেক, কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর এডভোকেট ড. হেলাল উদ্দিন, কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদসহ কেন্দ্রীয় ও মহানগরীর নেতৃবৃন্দ। এছাড়াও জানাজায় জামায়াতে ইসলামীর বিভিন্ন পর্যায়ের দায়িত্বশীল নেতৃবৃন্দ সহ ধর্মপ্রাণ মুসল্লীরা অংশগ্রহণ করেন।

উল্লেখ্য, বেগম রোকেয়া আনসারী বৃহস্পতিবার (১৪ আগস্ট) রাজধানীতে এক বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। তার মৃত্যুতে বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমীর ডা. শফিকুর রহমান, সেক্রেটারি জেনারেল সাবেক এমপি অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার সহ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ ও কর্মপরিষদের সদস্যবৃন্দ গভীর শোক প্রকাশ করে শোকাহত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

শোকবার্তায় নেতৃবৃন্দ বলেন, “সাতক্ষীরার ইসলামী আন্দোলনের প্রাণপুরুষ বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর সাবেক কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য মরহুম এডভোকেট শেখ আনসার আলীর স্ত্রী বেগম রোকেয়া আনসারী, ইসলামী আন্দোলনের এক নিবেদিত প্রাণ ব্যক্তি ছিলেন। তিনি বাংলাদেশ
জামায়াতে ইসলামীর মহিলা বিভাগের কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেলের দায়িত্ব পালনের পাশাপাশি মহান জাতীয় সংসদ সদস্য হিসেবেও গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। আমৃত্যু তিনি ইসলামী